# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - বেলায়াতের পথে যিকরের সাথে

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ঘ. আল্লাহর পথের পথিকদের পাপ - (২) কুফর বা অবিশ্বাস

(২) কুফর বা অবিশ্বাস

কুফর অর্থ অবিশ্বাস বা অস্বীকার করা। আল্লাহ, তাঁর রাসূল বা তাঁর দ্বীনের মৌলিক কোনো বিষয় অস্বীকার করা, অবিশ্বাস করা, অবজ্ঞা করা বা অপছন্দ করা কুফরী। আমাদের মুসলিম সমাজের প্রচলিত কুফরীর মধ্যে অন্যতম আল্লাহর বিভিন্ন বিধান, যেমন - সালাত, পর্দা, বিভিন্ন অপরাধের শাস্তি, ইসলামী আইন ইত্যাদির প্রতি অবজ্ঞা প্রকাশ বা এগুলিকে বর্তমানে অচল মনে করা। ইসলামকে শুধুমাত্র ব্যক্তি জীবনে পালন করতে হবে এবং সমাজ, বিচার, শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে ইসলাম চলবে না বলে মনে করা, ইসলামের কোনো বিধান বা রাসূলুল্লাহর (সা.) কোনো সুন্নাতের প্রতি অবজ্ঞা বা ঘৃণা প্রকাশ করা, ওয়ায, মাহফিল, যিকর, তিলাওয়াত, সালাত, মাদ্রাসা, মসজিদ, বোরকা, পর্দা ইত্যাদির প্রতি অবজ্ঞা বা ঘৃণা অনুভব করা, রাসূলুল্লাহ (সা.) বা পূর্ববর্তী অন্য কোনো নবী-রাসূলের প্রতি সামান্যতম অবজ্ঞা প্রকাশ করা, মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সা.) এর সর্বশেষ নবী হওয়ার বিষয়ে সামান্যতম সন্দেহ পোষণ করা, তাঁর পরে কারো কাছে কোনো প্রকার ওহী এসেছে বলে বিশ্বাস করা ইত্যাদি সবই কুফরী।

সুস্পষ্ট কুফরীর প্রতি সন্তুষ্ট থাকাও কুফরী। তাওহীদ বা রিসালাত অস্বীকার করে, মুহাম্মাদ (সা.)-এর পরে কোনো ওহী নাযিল হতে পারে বা কোনো নবী আসতে পারে বলে বিশ্বাস করে এমন ব্যক্তির বিশ্বাসের প্রতি সন্তুষ্টি প্রকাশ করা, তাকে মুসলিম মনে করা বা তার বিশ্বাসও সঠিক বলে মনে করা কুফরী। ইসলাম ছাড়া অন্য কোনো ধর্মকে পারলৌকিক মুক্তির মাধ্যম বলে মনে করা, অন্যান্য ধর্মের শিরক বা কুফরীমূলক অনুষ্ঠানে অংশগ্রহণ করা, সেগুলির প্রতি মনের মধ্যে ঘৃণাবোধ না থাকা, তাদের ধর্মীয় আচার অনুষ্ঠানের অনুকরণ করা, ক্রিসমাস (বড়দিন), পূজা ইত্যাদিতে আনন্দ করা বা উদ্যাপন করা ইত্যাদি বর্তমান যুগে অতি প্রচলিত কুফরী কর্ম ও বিশ্বাসের অন্তর্ভুক্ত।

গণক, জ্যোতিষী, রাশি, হাত, জটা ফকির ইত্যাদি সকল প্রকার ভাগ্য, গোপন বিষয় বা ভবিষ্যৎ গণনা করা, অথবা এসকল মানুষের কথায় বিশ্বাস করা কুফরী। এরূপ কোনো কোনো কর্ম ইসলামের নামেও করা হয়। যেমন, ‘এলেম দ্বারা চোর ধরা’ ইত্যাদি। যে নামে বা যে পদ্ধতিতেই করা হোক গোপন তথ্য, গায়েব, অদৃশ্য, ভবিষ্যৎ বা ভাগ্য গণনা বা বলা জাতীয় সকল কর্মই আরবী (কাহানা)-র অন্তর্ভুক্ত ও কুফরী কর্ম।

শিরকের ন্যায় কুফরীও মানুষের জীবনের সকল কর্ম বিনষ্ট করে দেয়। এবিষয়েও অগণিত আয়াত ও হাদীস রয়েছে। কুরআন কারীমে বলা হয়েছেঃ “আর যে ব্যক্তি ঈমানের সাথে কুফরী (অবিশ্বাস) করবে, তার কর্ম বিনষ্ট হয়ে যাবে এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।[1]

## ফুটনোট

[1] সূরা মায়িদাঃ ৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন